

তারিখ . . . 1.6.NOV.2016.....  
পৃষ্ঠা ..... ৫ ..... কলাম..... ২ .....

# সময়স্থলে

## ॥ সেই জেএসসি পরীক্ষার্থীর পরিবার ঘরবন্দি

■ সরিষাবাড়ী (জামালপুর) প্রতিনিধি  
সরিষাবাড়ীতে বখাটের বাধায় পরীক্ষায় অংশগ্রহণ করতে না পারা পোর  
এলাকার বলার দিয়ার প্রামের সেই জেএসসি পরীক্ষার্থীর পরিবার ঘরবন্দি হয়ে  
পড়েছে। সোমবার ওই শিক্ষার্থীর বাবা বাদী হয়ে গোলাম মোস্তফাকে প্রধান  
আসামি করে থানায় অভিযোগ দায়ের করলেও ব্যবহা নেয়নি পুলিশ।

রোববার সকালে জেএসসি পরীক্ষার্থীকে রাতায় আটকে রেখে উভ্যক্ত করায়  
পরীক্ষা দেওয়া হয়নি মেয়েটির। সরিষাবাড়ী সালেমা খাতুন উচ্চ বালিকা  
বিদ্যালয়ের শিক্ষার্থী জেএসসির গণিত পরীক্ষা দিতে যাওয়ার পথে বলারদিয়ার  
গ্রামের রাজাৰ একই প্রামের বখাটে গোলাম মোস্তফা তাকে অনৈতিক প্রস্তাৱ  
দেয়। বখাটের প্রস্তাৱে রাজি না হলে 'পরীক্ষা দিতে দেবো না বলে মেয়েটিকে  
জানালে সে কাঁদতে বাঢ়ি ফিরে যায়। এ ঘটনায় সোমবার রাতে  
শিক্ষার্থীর বাবা থানায় মামলা কৰলে পরিবারটিকে ঘর থেকে বের হতে দিচ্ছে  
না বখাটে গোলাম মোস্তফা ও তার পরিবার।